

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 15-03-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

One Nation, One Election :

একটি উচ্চ-স্তরের কমিটি নতুন দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে 'ওয়ান নেশন ওয়ান ইলেকশন' নিয়ে গতকাল তাদের রিপোর্ট পেশ করেছে। প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দের নেতৃত্বে গঠিত উচ্চ-পর্যায়ের কমিটি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে তাদের রিপোর্ট পেশ করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল, পঞ্চদশ অর্থ কমিশনের প্রাক্তন চেয়ারম্যান এন কে সিং এবং অন্যান্যদের উপস্থিতিতে প্রতিবেদনটি জমা দেওয়া হয়।

আইন ও বিচার মন্ত্রকের মতে, এক দেশ এক নির্বাচন উচ্চাকাঙ্ক্ষী ভারতের মূল বিষয়। এতে বলা হয়, ১৮ হাজার ৬২৬ পৃষ্ঠার প্রতিবেদনটি বিভিন্ন অংশীদার, বিশেষজ্ঞদের সঙ্গে বিস্তৃত আলোচনা ও ১৯১ দিনের গবেষণার ফলাফল।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল বলেছেন পিএম-স্বনিধি প্রকল্প পথ বিক্রেতাদের জন্য একটি জীবনরেখা হিসাবে প্রমাণিত হয়েছে। দিল্লিতে এক লক্ষ বিক্রেতাদের এই প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করার সময় প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট সুবিধাভোগীদের উদ্দেশ্যে বলেন, COVID-এর সময় ওই বিক্রেতারা মানুষের কাজে এসেছেন। তিনি পথ বিক্রেতা এবং রাস্তার পাশের দোকানদারদের সমাজে অবদান রাখার জন্য অভিনন্দন জানান।

CEO INTERVIEW :

ৰাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল জানিয়েছেন, আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। গতকাল আগরতলায় আকাশবাণী ও দূরদর্শনের সঙ্গে এক সাক্ষাত্কারে মুখ্য নির্বাচন আধিকারিক একথা জানান। তিনি জানান, রাজ্যে ইতিমধ্যেই ৭০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী পৌঁছেছে। রাজ্যের বিভিন্ন এলাকায় তাদের মোতায়েন করা হয়েছে।

CM-Tea :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলায় রাজ্যের প্রথম চা নিলাম কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, এই নিলাম কেন্দ্রটি চালু হলে রাজ্যের চা বাগান মালিকরা সহজেই চা পাতা বিক্রির সুযোগ পাবেন। এতে বাইরে চা নিয়ে যাওয়ার ক্ষেত্রে পরিবহন খরচ আর লাগবেনা। মুখ্যমন্ত্রী আরো বলেন, বর্তমানে সারা রাজ্যে ১২ হাজার ৮০০ হেক্টর এলাকায় চা চাষ হচ্ছে। প্রতিবছর ভাল পরিমাণ চা পাতা রাজ্যেই উৎপাদিত হয়। দেশের মধ্যে চা পাতা উৎপাদনে রাজ্যের স্থান পঞ্চম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমাও।

Meeting of Sushanta chowdhury :

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জিরানীয়া মহকুমা কার্যালয়ে গতকাল এক পর্যালোচনা বৈঠকে করেন। বৈঠকে জিরানীয়া মহকুমা এলাকায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। জনকল্যাণমুখী প্রকল্প জনগণের কাছে পৌঁছে দিতে কাজের গতি আরও বাড়ানোর জন্য পর্যটনমন্ত্রী আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। সভায়

উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মঞ্জু দাস, ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ প্রমুখ।

CM-AIDS control society :

ছাত্রীছাত্রীদের নেশার মাধ্যমে AIDS সংক্রমিত হওয়া থেকে রক্ষা করতে অভিভাবক, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও সমাজের প্রতিটি ব্যক্তিকে এগিয়ে আসতে আহ্বান জানান মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে বিদ্যালয়ের অধ্যক্ষ ও প্রধান শিক্ষকদের নিয়ে আয়োজিত সচেতনতামূলক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন বর্তমানে ত্রিপুরায় এইডস সংক্রমিত রোগীর সংখ্যা বেড়ে চলেছে। এর বিরুদ্ধে সকলকে সচেতন হতে হবে।

Shushanto Chowdhury:

জিরানীয়া মহকুমার শচীন্দ্রনগর কলোনীতে আগামীদিনে এক অত্যাধুনিক বিনোদন পার্ক গড়ে তোলা হবে। এজন্য ব্যয় হবে প্রায় ৫০ কোটি টাকা। স্বদেশ দর্শন স্কিমে এই পার্ক গড়ে তোলা হবে। গতকাল রাণীরবাজার পুরপরিষদ কার্যালয় প্রাঙ্গণে নবনির্মিত রাণীরবাজার রেভিনিউ সার্কেল অফিসের উদ্বোধন করে একথা বলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। এই রেভিনিউ সার্কেল অফিসের মাধ্যমে জিরানীয়া মহকুমার ১৪টি মৌজা এবং ৬টি তহশিলের জনগণ রাজস্ব সংক্রান্ত বিভিন্ন বিষয়, জায়গার দলিল, পরচা, আয়ের (ইনকাম সাটিফিকেট) প্রমাণপত্র তৈরির সুবিধা গ্রহণ করতে পারবেন।

Education :

জাতীয় শিক্ষানীতি অনুযায়ী "উল্লাস-নব ভারত সাক্ষরতা কার্যক্রম" রাজ্যে যথাযথভাবে বাস্তবায়নের জন্য আগরতলায় গতকাল এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রকের যুগ্ম সচিব অর্চনা শর্মা অবস্থি ও ভারত সরকারের শিক্ষা মন্ত্রকের অধিনস্থ বিদ্যালয় শিক্ষা ও সাক্ষরতা দপ্তরের অধিকর্তা ড. প্রীতি মিনা, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভল হেমেন্দ্র কুমার সহ অন্যান্য আধিকারিকরা।

Natural Farming Org :

ঊনকোটি জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্র এর উদ্যোগে গতকাল কৈলাশহরের গৌরনগর পঞ্চায়েত সমিতি হলে অনুষ্ঠিত হয়, প্রাকৃতিক চাষাবাদ নিয়ে চেতনামূলক অনুষ্ঠান হয়।

এতে বিষয়ভিত্তিক আলোচনা করেন, বরিষ্ঠ বিজ্ঞানী বিশ্বজিৎ বল, উদ্ভিদ রোগ বিশেষজ্ঞ ডক্টর তুষি চাকমা, সৌমেন কপালী প্রমুখ। এই অনুষ্ঠানে বিভিন্ন সবজি'র বীজ সহ কৃষি উপকরণ বিতরণ করা হয়।

Central Team Visit :

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের দুই প্রতিনিধি ডাক্তার নির্মাল্য রায় ও রণিত বোরা গতকাল সাব্রুম মহকুমার নবগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে তারা উপ স্বাস্থ্যকেন্দ্রের পরিষেবা সম্পর্কে বিস্তারিত খোঁজখবর নেন।

Weather :

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রীর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৮ ডিগ্রি

সেলসিয়াস। গতকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ১.৬
মিলিমিটার।
